## ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।


*(জুলাই ৩১, ২০১৪ ভিত্তিক)*


বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/-টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের জুলাই ৩১, ২০১৪ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখাচিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ

### ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

| ব্যাংকের নাম | জুলাই মাসে খোলা মোট হিসাব | জুলাই মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ | ২৪ | ২,২৮০,০৭৪ |
| জনতা ব্যাংক লিঃ | ৯৫৮ | ১,৪৯৩,৬০৪ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ১১১ | ১,৪৬৬,০০২ |
| রূপালী ব্যাংক লিঃ | ২৬ | ৫০০,৮৮৯ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ০ | ২,৫৩২,৫৯৬ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ১ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ১,৪৩০,৮৭৩ |
| বেসিক ব্যাংক লিঃ | ৩৪ | ৫৫৪ |
| **মোট** | **১,১৫৩** | **৯,৭০৪,৫৯৩** |

### জুলাই মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র (চিত্র- ১ ও চিত্র- ২)






**বিশ্লেষণঃ** ছক-১ এর তথ্য অনুসারে ২০১৪ সালের জুলাই মাসে পাঁচটি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে জনতা ব্যাংকে (৯৫৮)। জুলাই মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট **৯,৭০৪,৫৯৩** টি কৃষকের ব্যাংক হিসাব খোলা হয়েছে যার মধ্যে সবচেয়ে বেশী পুঞ্জীভূত হিসাব রয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২,৫৩২,৫৯৬)। বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার কৃষকের হিসাব সংখ্যা সর্বনিম্ন ১টি এবং বেসিক ব্যাংক লিঃ এর মোট হিসাব সংখ্যা মোট ৫৫৪ টি।


**ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য**


| ব্যাংকের নাম | জুলাই মাসে খোলা মোট হিসাব সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব) | অন্যান্য ১০/- টাকার হিসাব* | মোট |
| সোনালী ব্যাংক লিঃ | ২৩,৩১৫ | ২,৮৪০ | ১,৮২১ | ৬৬,৩৫৯ | ৯৪,৩৩৫ |
| জনতা ব্যাংক লিঃ | ১১,৮১৮ | ৩ | ১৯ | ১,২১৩ | ১৩,০৫৩ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৪৫ | ০ | ২ | ১,৫৭২ | ১,৬১৯ |
| রূপালী ব্যাংক লিঃ | ৩ | ০ | ০ | ১৫ | ১৮ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৮৩ | ১১ | ১৬ | ০ | ১১০ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ০ | ১০ | ০ | ১০ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০ | ০ | ০ | ০ | ০ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ০ | ৩ | ০ | ৩ |
| **মোট** | **৩৫,২৬৪** | **২,৮৫৪** | **১৮৭১** | **৬৯,১৫৯** | **১০৯,১৪৮** |

| ব্যাংকের নাম | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাস পর্যন্ত মোট) | | | | |
|---|---|---|---|---|---|
| | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | মুক্তিযোদ্ধা | ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব) | অন্যান্য ১০/- টাকার হিসাব* | মোট |
| সোনালী ব্যাংক লিঃ | ১,৫৩৯,৯২৯ | ১৩৮,৬৭৩ | ৬,১৩৪ | ৪১৮,৬৯৮ | ২,১০৩,৪৩৪ |
| জনতা ব্যাংক লিঃ | ৩৭৩,৪৯০ | ১,২০৯ | ২,৫৫০ | ৯৩,১৩৯ | ৪৭০,৩৮৮ |
| অগ্রনী ব্যাংক লিঃ | ৩৯২,৪৫২ | ১,১১৬ | ১,০২৭ | ১২৭,৬৮৩ | ৫২২,২৭৮ |
| রূপালী ব্যাংক লিঃ | ৩৯,৯৮৬ | ২৬৯ | ১,০০২ | ১০৭,৭৮৫ | ১৪৯,০৪২ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৫৮৩,৯৭৪ | ২,৫১১ | ৪,৯৬৬ | ৩২৭,৮৪১ | ৯১৯,২৯২ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | ০ | ১ | ১০ | ০ | ১১ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ২৫৪,৩৮৪ | ৮১০ | ২,০৪৮ | ১২০,২৭২ | ৩৭৭,৫১৪ |
| বেসিক ব্যাংক লিঃ | ০ | ১ | ২৩ | ৩ | ২৭ |
| **মোট** | **৩,১৮৪,২১৫** | **১৪৪,৫৯০** | **১৭,৭৬০** | **১,১৯৫,৪২১** | **৪,৫৪১,৯৮৬** |

*(হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)

**চিত্র-৩ ও ৪ ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র**









**বিশ্লেষণঃ** ছক-২ এর তথ্য অনুসারে ২০১৪ সালের জুলাই মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ। এ মাসে সোনালী ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত সকল শ্রেণীর ১০/- টাকা ও ১০০/- টাকায় মোট ৯৪,৩৩৫টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে এ ব্যাংকে অন্যান্য সকল শ্রেণীর (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক) ১০/- হিসাব খাতে সর্বোচ্চ ৬৬,৩৫৯টি হিসাব খোলা হয়েছে। উল্লেখ্য যে, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ২০১৪ সালের জুন মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। সোনালী ব্যাংক লিঃ মোট পুঞ্জিভূত হিসাবের ক্ষেত্রেও সর্বোচ্চ অবস্থানে (মোট ২,১০৩,৪৩৪টি হিসাব) আছে এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

**ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য**

| খাতের নাম | জুলাই মাসে খোলা মোট হিসাব | জুলাই মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|---|
| কৃষক | **১,১৫৩** | **৯,৭০৪,৫৯৩** |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | **৩৫,২৬৪** | **৩,১৮৪,২১৫** |
| মুক্তিযোদ্ধা | **২৮৫৪** | **১৪৪,৫৯০** |
| ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব) | **১৮৭১** | **১৭,৭৬০** |
| অন্যান্য ১০/-টাকার হিসাব* | **৬৯,১৫৯** | **১,১৯৫,৪২১** |
| **মোট** | **১১০,৩০১** | **১৪,২৪৬,৫৭৯** |

**১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র (চিত্র-৫ ও চিত্র-৬)**




**বিশ্লেষণঃ** ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৪ সালের জুলাই মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট ১১০,৩০১ টি হিসাব খোলা হয়েছে এবং এ মাসে ব্যাংকগুলোতে অন্যান্য সকল শ্রেণীর ১০/- টাকার হিসাব খাত সর্বেচ্চ (৬৩%) অবস্থানে আছে(চিত্র-৫)। মাসান্তে ব্যাংকগুলোতে সর্বমোট ১৪,২৪৬,৫৭৯টি ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলা হয়েছে। এর মধ্যে কৃষকের হিসাব সংখ্যা সর্বোচ্চ শতকরা ৬৮%, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় খোলা ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ২২%, মুক্তিযোদ্ধা খাতের আওতায় ১% এবং অন্যান্য ১০/- টাকার হিসাব সংখ্যা শতকরা ৯%(চিত্র: ৬)।

---------o---------